ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

ডিওএস সার্কুলার নং- ০১

তারিখ ঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪৩০
২৪ মে, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তালিকাভুক্ত এবং অ-তালিকাভুক্ত শেয়ার, বন্ড/ডিবেঞ্চার ও মিউচ্যুয়াল ফান্ড-এ বিনিয়োগের বিপরীতে প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১২ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে অন্যান্য সম্পদের শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ২৪ নভেম্বর ২০১১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০৪, ২৬ মে ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০৪, ১২ মার্চ ২০১৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৩ এবং ২৮ জুন ২০১৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং ১০ এর মাধ্যমে বিভিন্ন সময়ে পুঁজিবাজারে তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত কোম্পানীতে বিনিয়োগ এবং উক্ত বিনিয়োগের বিপরীতে প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষণে, তালিকাভুক্ত এবং অ-তালিকাভুক্ত শেয়ার, বন্ড/ডিবেঞ্চার ও মিউচ্যুয়াল ফান্ড-এ বিনিয়োগের বিপরীতে প্রভিশন সংরক্ষণ বিষয়ে উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলীর কিছু কিছু ক্ষেত্রে সংযোজন, বিয়োজন এবং পরিমার্জন করা হয়েছে। এখন হতে তালিকাভুক্ত এবং অ-তালিকাভুক্ত শেয়ার, বন্ড/ডিবেঞ্চার ও মিউচ্যুয়াল ফান্ড-এ বিনিয়োগের বিপরীতে প্রভিশন সংরক্ষণ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবেঃ-

**১। তালিকাভুক্ত কোম্পানীতে বিনিয়োগের ক্ষেত্রে-**

ক) বিনিয়োগ হিসাবে স্থিতিপত্রে প্রদর্শিত বিভিন্ন দফাসমূহের মধ্যে সরকারি সিকিউরিটিজ বাদে অন্যান্য সিকিউরিটিজ যেমনঃ তালিকাভুক্ত শেয়ার, বন্ড, ডিবেঞ্চার, Perpetual Instrument, এবং মিউচ্যুয়াল ফান্ড/তালিকাভুক্ত কোন তহবিল ইত্যাদির সর্বশেষ বাজারমূল্য (Last Traded Price) ক্রয়মূল্য অপেক্ষা কম হলে ক্রয়মূল্য ও সর্বশেষ বাজারমূল্যের পার্থক্যকে বিনিয়োগের মূল্য হ্রাসজনিত ক্ষতি হিসেবে চিহ্নিত করে তার সমপরিমাণ প্রভিশন সংরক্ষণ করতে হবে।

খ) ইক্যুইটি শেয়ার, বন্ড, ডিবেঞ্চার, Perpetual Instrument ও মিউচ্যুয়াল ফান্ড/তালিকাভুক্ত কোন তহবিল এর প্রতি ক্ষেত্রে পৃথকভাবে gain/loss net off করে প্রভিশন সংরক্ষণ করা যাবে।

**২। অ-তালিকাভুক্ত কোম্পানীতে বিনিয়োগের ক্ষেত্রে-**

ক) ইক্যুইটি শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে বিনিয়োগকৃত কোম্পানীটির Net worth (Net worth =Assets-Liabilities) হ্রাস পেলে ব্যাংক কর্তৃক উক্ত প্রতিষ্ঠানে বিনিয়োগের আনুপাতিক হারে হ্রাসকৃত মূল্যের সমপরিমাণ প্রভিশন সংরক্ষণ করতে হবে। বিনিয়োগকৃত কোম্পানীটির অস্তিত্ব (Existence) না থাকলে বা কোম্পানীটির কার্যক্রম বন্ধ হয়ে গেলে বা দৃশ্যমান কার্যক্রম পরিলক্ষিত না হলে, বিনিয়োগের সমপরিমাণ প্রভিশন সংরক্ষণ করতে হবে।

খ) Non-Convertible Cumulative Preference Share এর ক্ষেত্রে চুক্তি অনুযায়ী ব্যাংক কর্তৃক এর প্রাপ্য নির্ধারিত সুদ/মুনাফা/নগদ ডিভিডেন্ড পাওয়া না গেলে প্রথম বছর শেষে আসল পরিমাণের উপর ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে। অনুরূপ ক্ষেত্রে দ্বিতীয় বছরের জন্য অতিরিক্ত ২৫ (পঁচিশ) শতাংশ এবং একাদিক্রমে তিন বছর সুদ/মুনাফা/নগদ ডিভিডেন্ড অপরিশোধিত থাকলে ১০০ (একশত) শতাংশ প্রভিশন সংরক্ষণ করতে হবে। তবে অনাদায়ী সুদ/মুনাফা/নগদ ডিভিডেন্ড এর ক্ষেত্রে ১২ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এর ৩(চ)(ii) নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

চলমান পাতা/০২

গ) Non-Convertible Bond/Debenture এর ক্ষেত্রে চুক্তি অনুযায়ী ব্যাংক কর্তৃক এর প্রাপ্য নির্ধারিত সুদ/মুনাফা/Coupon payment পাওয়া না গেলে প্রথম বছর শেষে আসল পরিমাণের উপর ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে। অনুরূপ ক্ষেত্রে দ্বিতীয় বছরের জন্য অতিরিক্ত ২৫ (পঁচিশ) শতাংশ এবং একাদিক্রমে তিন বছর সুদ/মুনাফা/Coupon payment অপরিশোধিত থাকলে ১০০ (একশত) শতাংশ প্রভিশন সংরক্ষণ করতে হবে। তবে অনাদায়ী সুদ/মুনাফা/Coupon payment এর ক্ষেত্রে ১২ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এর ৩(চ)(ii) নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

ঘ) বেমেয়াদি (Open-end) মিউচ্যুয়াল ফান্ড এর ক্ষেত্রে বিবেচ্য মিউচ্যুয়াল ফান্ড ইউনিটের Surrender Price গড় ক্রয় মূল্য অপেক্ষা কম হলে, গড় ক্রয় মূল্য ও Surrender Price এর পার্থক্যের সমপরিমাণ প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৩। উল্লিখিত নির্দেশনা মোতাবেক ব্যাংকসমূহকে প্রযোজ্য ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে প্রভিশন সংরক্ষণ করতে হবে এবং প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত তথ্যাদি উক্ত ত্রৈমাসিকের অব্যবহিত পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সংযুক্ত ছক (Annexure-A এবং Annexure-B) মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা ৩০ জুন ২০২৩ হতে কার্যকর হবে। একইসাথে, ১২ মার্চ ২০১৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৩ এবং ২৮ জুন ২০১৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১০ বাতিল মর্মে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জবদুল ইসলাম)
পরিচালক (ডিওএস)
ফোনঃ ৯৫৩০৩১৪

## Statement regarding provision maintenance against investment in listed securities

Annexure-A

Name of the Bank:

Reporting date:

| Equity Share: | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **SL.** | **Name of Company** | **Total no. of shares held under own portfolio** | **Average cost price** | **Cost price of investment** | **Market price (last Traded Price)** | **Market price of investment** | **Required Provision** | **Maintained Provision** | **Provision shortfall/excess** |
| | 1 | 2 | 3 | 4=2*3 | 5 | 6=2*5 | 7=6-4 | 8 | 9=8-7 |
| 1. | | | | | | | | | |
| 2. | | | | | | | | | |
| 3. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| | | | | | | **Total:** | | 0.00 | 0.00 |

| Mutual Fund: | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **SL.** | **Name of Mutual Fund/Fund** | **Total no. of unit held under own portfolio** | **Average cost price** | **Cost price of investment** | **Market price (last Traded Price)** | **Market price of investment** | **Required Provision** | **Maintained Provision** | **Provision shortfall/excess** |
| | 1 | 2 | 3 | 4=2*3 | 5 | 6=2*5 | 7=6-4 | 8 | 9=8-7 |
| 1. | | | | | | | | | |
| 2. | | | | | | | | | |
| 3. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| | | | | | | **Total:** | | 0.00 | 0.00 |

| Bond/Debenture: | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **SL.** | **Name of Bond/Debenture** | **Total no. of bond/debenture held under own portfolio** | **Average cost price** | **Cost price of investment** | **Market price (last Traded Price)** | **Market price of investment** | **Required Provision** | **Maintained Provision** | **Provision shortfall/excess** |
| | 1 | 2 | 3 | 4=2*3 | 5 | 6=2*5 | 7=6-4 | 8 | 9=8-7 |
| 1. | | | | | | | | | |
| 2. | | | | | | | | | |
| 3. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| | | | | | | **Total:** | | | |

Annexure-B

# Statement regarding provision maintenance against investment in Non- listed securities

Name of the Bank:

Reporting date:

**Equity Share:**

| SL. | Name of Company | Total Investment | Net worth(according to investment) | Required Provision | Maintained Provision | Provision shortfall/excess |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4=2-3 | 8 | 9=8-7 |
| 1. | | | | | | |
| 2. | | | | | | |
| 3. | | | | | | |
| .. | | | | | | |
| .. | | | | | | |
| | | | Total: | | | |

**Non-Convertible Cumulative Preference Share:**

| SL. | Name of Company | Invested Amount | Dividend/Interest (%) | Cumulative Dividend/Interest (if any) | Last date of Dividend/Interest paid (DD/MM/YY) | Amount of Dividend/Interest received at the last Payment Date | Provision required | Provision maintained (if required) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | | | | | | | | |
| 2. | | | | | | | | |
| 3. | | | | | | | | |
| .. | | | | | | | | |
| .. | | | | | | | | |
| | | | | | | Total: | | |

**Non-Convertible Bond/Debenture:**

| SL. | Name of the Issuer | Name of Bond/Debenture | Invested amount | Coupon payment (Semi-annual/Annual) | Date of last coupon payment | Duration of non-payment (from last coupon payment date) | Provision required | Provision maintained (if required) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | | | | | | | | |
| 2. | | | | | | | | |
| 3. | | | | | | | | |
| .. | | | | | | | | |
| .. | | | | | | | | |
| | | | | | | Total: | | |

**Open-end Mutual Fund:**

| SL. | Name of the Issuer | Name of Mutual Fund | No. unit purchased | Average cost price | Invested Amount | Last Surrender Price/unit | Invested amount (as per surrender price) | Provision required | Provision maintained (if required) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5=3*4 | 6 | 7=3*6 | 8=5-7 | |
| 1. | | | | | | | | | |
| 2. | | | | | | | | | |
| 3. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| | | | | | | Total: | | | |